# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।**

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৪৫)/২০২২-২০২৩/১৩৬৪ তারিখ ঃ ৩০ মে ২০২৩ খ্রী.

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিচালনা পর্ষদের ৮২৫ তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, পরিচালনা পর্ষদের গত ০৮-০২-২০২৩ তারিখের ৮২৫ তম সভার বিবিধ আলোচ্য সূচিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

"বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণগ্রহীতা কর্তৃক মর্টগেজকৃত সম্পত্তি/ব্যবসা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকট দায়বদ্ধতার সাইনবোর্ড/স্টিকার (প্রযোজ্য ক্ষেত্রে) স্থাপনের বিষয়ে ইতিপূর্বে প্রদত্ত সিদ্ধান্তের বাস্তবায়ন নিশ্চিত করার জন্য পুনরায় মাঠ কার্যালয় ও শাখাসমূহকে কঠোর নির্দেশনা প্রদান করতে হবে।"

ইতিপূর্বে অত্র বিভাগ হতে প্রেরিত পত্র নং প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-১৬/২০২০-২০২১/১০৪৬, তারিখঃ ২৪/০১/২০২১ এর মাধ্যমে বন্ধককৃত সম্পত্তির দৃশ্যমান স্থানে **"বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকট দায়বদ্ধ"** মর্মে একটি সাইনবোর্ড স্থাপনের বিষয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা জারী করা হয়।

০৩। বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নকল্পে বিদ্যমান বন্ধকী ঋণের ক্ষেত্রে ব্যাংকের নিকট বন্ধককৃত সম্পত্তির দৃশ্যমান স্থানে **"বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকট দায়বদ্ধ"** মর্মে একটি সাইনবোর্ড স্থাপন করে অনতিবিলম্বে শাখা কর্তৃক মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়কে অবহিত করতে হবে। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয় কর্তৃক নিশ্চিত হয়ে বিভাগীয় কার্যালয়কে অবহিত করতে হবে এবং বিভাগীয় কার্যালয় সাইনবোর্ড স্থাপিত হয়েছে মর্মে আগামী ২০/০৬/২০২৩ তারিখ এর মধ্যে অত্র বিভাগে প্রত্যয়ন পত্র প্রেরণ করবেন। নতুন বন্ধকী ঋণ বিতরণের ক্ষেত্রে উপরোক্ত প্রক্রিয়ায় বিতরণের তারিখ হতে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগকে অবহিত করতে হবে।

০৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে আন্তরিকতার সহিত দায়িত্ব পালনের জন্য পুনরায় অনুরোধ করা হলো এবং মাঠ পর্যায়ের নির্বাহীগণকে শাখা পরিদর্শনকালে এ বিষয়ে তদারকি জোরদার করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

৩০.০৫.২৩

(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৪৫)/২০২২-২০২৩/১৩৬৪ তারিখ ঃ ৩০ মে ২০২৩ খ্রী.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি।

(মোঃ রাজু আহাম্মেদ)
সহকারী মহাব্যবস্থাপক